সোনালী ব্যাংক পিএলসি
SONALI BANK PLC
টাংগাইল কর্পোরেট শাখা, টাংগাইল
মোবাইল-০১৭৫৫৫৯৪৮২০
e-mail:brtangail@sonalibank.com.bd

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: জনাব শহীদুল ইসলাম (সাবেক প্রিন্সিপাল অফিসার, সোনালী ব্যাংক পিএলসি), পিতা ঃ মোঃ আব্দুল মজিদ বাসা ঃ আটপুকুরপাড়(উত্তর), বিশ্বাস বেতকা, টাংগাইল ।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১০-০৩-২০২৬ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৮৬,৮৬,৮৩১/-৫০(ছিয়াশি লক্ষ ছিয়াশি হাজার আটশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নবর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ঃ

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেলা ঃ টাংগাইল, উপজেলা- টাংগাইল সদর, মৌজা- বিশ্বাস বেতকা, জেএল নং-৮৭ ।

খতিয়ান নং				দাগ নং			জমির পরিমান
সিএস	এসএ	বিএস	খারিজি	সিএস	এসএ	বিএস	
১১৪	৭০৬	১/১	২৬৩৭	৯০৬	৯৯০	৩৬১১	৪৫.৮১
১১৪	৭০৬	১/১	২৬৩৭	৯০৬	৯৯০	৩৬১২	২২.৪৪
১১৪	৭০৬	১/১	২৬৩৭	৯০৬	৯৯০	৩৬১৩	২২.৭৫
						মোট	৯১ শতাংশের কাতে ৫ শতাংশ

চৌহদ্দী ঃ উত্তরে গৈরাঙ্গ গং, দক্ষিনে-রহুল আমীন , পূর্বে-মনোরঞ্জন বসাক ,পশ্চিমে- রাস্তা

শর্ত সমূহ ঃ

০১। আগামী ০৯-১২-২০২৬ খ্রিঃ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, টাংগাইল এ রক্ষিত দরপত্রবাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রবাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্টি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্টি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "বন্ধকী সম্পত্তির ক্রয়ের দরপত্র"লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতারনাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোটমূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রয়োজ্য আর্নেষ্টমানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

আর্নেষ্টমানি/জামানতের পরিমান		অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের	২০% হারে	দরপত্রগৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের	১৫% হারে	দরপত্রগৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের	১০ % হারে	দরপত্রগৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা(আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাখিলকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

০৭ নিলাম ক্রেতা কর্তৃক সমুদয়মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদনসাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/ সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের /সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে । প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮ ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯। কর্তৃপক্ষ কোনকারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১০। দরপত্রগৃহীত না হইলে দরপত্র দাতা কে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহণেইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
মোবা ঃ ০১৭৫৫৫৯৪৮২০